রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, নভেম্বর ১১, ২০১৮**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৭ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ/১১ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর : ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৬.৩৫৯—গত ০৩ নভেম্বর ২০১৮ তারিখে নেপালে অনুষ্ঠিত সাফ অনূর্ধ্ব-১৫ কিশোর ফুটবল টুর্নামেন্টে পাকিস্তানকে টাইব্রেকারে ৩-২ গোলের ব্যবধানে পরাজিত করে অপরাজিত চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে বাংলাদেশ অনূর্ধ্ব-১৫ কিশোর ফুটবল দল।

২। বাংলাদেশ অনূর্ধ্ব-১৫ কিশোর ফুটবল দলের এই ক্রীড়া নৈপুণ্যের জন্য সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা ও বাংলাদেশ ফুটবল ফেডারেশনসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন জানিয়ে মন্ত্রিসভার ২২ কার্তিক ১৪২৫/০৬ নভেম্বর ২০১৮ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব



মূল্য : টাকা ৪.০০

**মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব**

ঢাকা : ২২ কার্তিক ১৪২৫ / ০৬ নভেম্বর ২০১৮

গত ০৩ নভেম্বর ২০১৮ তারিখে নেপালে অনুষ্ঠিত সাফ অনূর্ধ্ব-১৫ কিশোর ফুটবল টুর্নামেন্টে পাকিস্তানকে টাইব্রেকারে ৩-২ গোলের ব্যবধানে পরাজিত করে অপরাজিত চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে বাংলাদেশ অনূর্ধ্ব-১৫ কিশোর ফুটবল দল। এ টুর্নামেন্টে বাংলাদেশের প্রতিদ্বন্দ্বী অন্যান্য দল ছিল—স্বাগতিক নেপাল, মালদ্বীপ, ভারত এবং পাকিস্তান। বাংলাদেশ-দল তাদের প্রথম খেলায় মালদ্বীপের বিপক্ষে ৯-০ গোলের বিরাট ব্যবধানে জয় পায়। পরে তারা গ্রুপ পর্বের দ্বিতীয় ম্যাচে নেপালকে ২-১ গোলে পরাজিত করে গ্রুপ চ্যাম্পিয়ন হয়ে সেমিফাইনালে খেলার যোগ্যতা অর্জন করে। অতঃপর তারা সেমিফাইনালে শক্তিশালী ভারত দলকে টাইব্রেকারে ৪-২ গোলে পরাজিত করার মাধ্যমে ফাইনালে পৌঁছায়। পরে ফাইনালে তারা শক্তিশালী পাকিস্তান দলকে পরাজিত করার মাধ্যমে সাফ অনূর্ধ্ব-১৫ কিশোর ফুটবল টুর্নামেন্টে অপরাজিত চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

একটি পরিপূর্ণ ও সুসংহত দল হিসাবে বাংলাদেশ অনূর্ধ্ব-১৫ কিশোর ফুটবল দল শক্তিশালী ও অভিজ্ঞতাসম্পন্ন ভারত, পাকিস্তান, মালদ্বীপ ও নেপাল দলকে পরাজিত করার মাধ্যমে দেশকে উপহার দিল এক অসামান্য অর্জন।

মন্ত্রিসভা মনে করে যে এ অর্জন দেশে খেলাধুলার অব্যাহত উন্নয়নে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের গৃহীত কর্মসূচির সাফল্যের পরিচায়ক। মন্ত্রিসভা আশা করে যে এই বিজয় বাংলাদেশ অনূর্ধ্ব-১৫ কিশোর ফুটবল দলকে আরও আত্মবিশ্বাসী করে তুলবে এবং পরবর্তীকালে আরও ভাল ফলাফল বয়ে আনার অনুপ্রেরণা যোগাবে।

মন্ত্রিসভা বাংলাদেশ অনূর্ধ্ব-১৫ কিশোর ফুটবল দলের এই ক্রীড়া নৈপুণ্যের জন্য সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা ও বাংলাদেশ ফুটবল ফেডারেশনসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছে।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd